| | | | |
|---|---|---|---|
| ত্রাণ বিভাগ | জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নির্বাচনী আচরণ বিধি ২০১৬ মোতাবেক নির্বাচনে অংশগ্রহনকারী জনপ্রতিনিধিগণ নির্বাচন পূর্ববর্তী কোন উন্নয়ন কাজ সম্পাদন করতে পারবেন না কিংবা তাহাদের অনুকুলে কোন বিল প্রদান করা হবে না মর্মে সভাকে অবহিত করেন। ২০২১-২২ অর্থবছরের টিআর/কাবিখা/কাবিটা সাধারণ/বিশেষ প্রকল্পের অনুমোদন পাওয়া গিয়েছে। প্রকল্প কাজের প্রি-ওয়ার্ক/মেজারমেন্ট শুরু হয়েছে। তাছাড়া ১ম পর্যায়ের কাজ চলমান রয়েছে মর্মে জানান। আশ্রয়ণের ৩য় পর্যায়ে ঘর নির্মাণের কাজ প্রক্রিয়াধীন, প্রতিটি আশ্রয়ণে বর্তমান/নব নির্বাচিত জনপ্রতিনিধিগণ'কে প্রকল্প প্রদানের অনুরোধ জানান। আশ্রয়ণে ভর্তুকীর বিষয়ে সভাকে অবহিত করেন। দক্ষিনপাড়া আশ্রয়ণ প্রকল্পে মাটি ভরাট করতে হবে মর্মে জানান।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় মসজিদে বরাদ্দকৃত টিআর প্রকল্পের বিল ছাড়করনের আহবান জানান।<br>মহিলা ভাইস, উপজেলা পরিষদ সভায় কাগজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাটি ভরাটের ব্যবস্থা গ্রহনের আহবান জানান। | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।<br>১.২) নির্বাচনী আচরণ বিধি ২০১৬ মোতাবেক নির্বাচনে অংশগ্রহনকারী জনপ্রতিনিধিগণ নির্বাচন পূর্ববর্তী কোন উন্নয়ন কাজ সম্পাদন করতে পারবেন না কিংবা তাহাদের অনূকুলে কোন বিল প্রদান করা যাবে না।<br>১.৩) বর্তমান/নব নির্বাচিত জনপ্রতিনিধিগণ আশ্রয়ণ প্রকল্প অগ্রাধিকার রেখে প্রকল্প দাখিল করতে হবে। | বাস্তবায়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান(সকল) |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)। |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দয়ামীর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের টিন সেড আবাসিক ভবনের সংস্কারের জন্য পরিষদের সু-দৃষ্টি কামনা করেন। কেন্দ্রটি মহাসড়কের একদম সংলগ্ন থাকার কারণে প্রায়ই উর্ধতন কর্তপক্ষের পরিদর্শনের সুযোগ থাকে মর্মে সভাকে অবহিত করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান অনেক সময় বাজারের ফার্মেসীতে সরকারি ঔষুধ পাওয়া যাচ্ছে। ঔষুধ বিতরণে রেজিস্ট্রার ব্যবহার করে বন্টনের আহবান জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।<br>১.২) সরকারি ঔষুধ বন্টনে রেজিস্ট্রার ব্যবহার করতে হবে।<br>১.৩) দয়ামীর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের টিন সেড আবাসিক ভবনের সংস্কারে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)। |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২ সালের নতুন বই পাওয়া গেছে যথাসময়ে বিতরন করা হবে মর্মে সভাকে অবহিত করেন। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান(সকল) |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রোপা আমন কর্তন প্রায় শেষ পর্যায়ে। হাওরে ৯৯% ও নন হাওরে ৯৬%। বোরো বীজতলা হাওরে ৯০% এবং নন হাওরে ৯৯% । বোরো রোপন হাওরে ১০% এবং নন হাওরে ১০%। বর্তমানে সরকারি মূল্যে সার বিক্রির জন্য মনিটরিং জোরদার করা হয়েছে। ইউরিয়া বস্তা ৮০০/ কেজি-১৬/-, জিপি বস্তা ৮০০/- কেজি ১৬/-, এমওপি বস্তা ৭৫০/- কেজি ১৫/-, টিএসপি বস্তা ১১০০/- কেজি ২২/- কোন ডিলার বেশি দামে যাতে বিক্রি করতে না পারে সেজন্যে মনিটরিং কার্যক্রম জোরদার আছে। প্রয়োজনে উপজেলা প্রশাসন সহযোগীতা নিয়ে মোবাইল কোর্ট পরিচালনা করে ডিলারদের | ১.১। কৃষক ও কৃষির উন্নয়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান(সকল) |

**উপজেলা পরিষদের ৫৬তম সাধারণ সভার কার্যবিবরণি**

**ডিসেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণি**

সভাপতি ঃ জনাব ময়নুল হক চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট।

সভার তারিখ ও সময় ঃ ২৩ ডিসেম্বর ২০২১, সকাল ১০:০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মহান বিজয় বিদস-২০২১ উপলক্ষ্যে সবাইকে বিজয়ের শুভেচ্ছা জানান। স্বাগত ভাষণ শেষে তিনি উপজেলা নির্বাহী অফিসার ওসমানীনগর, সিলেট'কে সভা পরিচালনার আহবান জানান। উপজেলা নির্বাহী অফিসার সভায় স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মহান বিজয় বিদস-২০২১ উপলক্ষ্যে সবাইকে বিজয়ের শুভেচ্ছা জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন। | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | **বিভিন্ন বিভাগের কার্যাবলী ঃ** | | | |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার সভায় প্রতি মাসে ইউনিয়ন পরিষদ সভা করে সভার কার্যবিবরণী পরবর্তী দশ কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের আহবান জানান। জন্য নিবন্ধন বিষয়ে বিধি মোতাবেক সকলের সহযোগিতা কামনা করেন। ০-৪৫ দিনের মধ্যে প্রতিটি শিশুর জন্য নিবন্ধন বাধ্যতামূলকভাবে নিশ্চিত করার আহবান জানান। | | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ প্রতি মাসে ইউনিয়ন পরিষদ সভা করে সভার কার্যবিবরণী পরবর্তী দশ কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে ।<br>১.২। ০-৪৫ দিনের মধ্যে প্রতিটি শিশুর জন্য নিবন্ধন বাধ্যতামূলকভাবে নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এডিপি-২০২১-২২ অর্থ বছরে দাখিলকৃত পিআইসি প্রকল্পের মধ্যে ১৪টি প্রকল্প কমিটি পাওয়া গেছে। বাস্তবায়ন কমিটির অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। ভবনের নির্মাণকাজ সমাপ্ত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান অস্থায়ী (ভাড়া) ভবন হস্তান্তর পূর্বক জানুয়ারি-২০২২ হইতে নব-নির্মিত ভবনে দাপ্তরিক কার্যক্রম চালু করা যেতে পারে। এ বিষয়ে প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ উন্নয়ন ধারা তরান্বিত করার লক্ষ্যে বিধি মোতাবেক আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১.২। এডিপি ২০২১-২২ অর্থবছরের দাখিলকৃত পিআইসি প্রকল্পের মধ্যে ১৪টি প্রকল্প সভায় সর্বসম্মতিক্রমে অনুমোধন করা হয়। (তালিকা সংযুক্ত)।<br>১.৩। জানুয়ারি-২০২২ হইতে নব-নির্মিত ভবনে দাপ্তরিক কার্যক্রম চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।<br>১.৪। অস্থায়ী (ভাড়া) ভবন হস্তান্তরের জন্য স্ব-স্ব অফিস ডিসেম্বর-২০২১ পর্যন্ত বিদ্যুৎ বিল প্রদান করে পরিশোধিত কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় | | ১.১) বিভাগীয় কার্যক্রমের | উপজেলা প্রকল্প |

| | | | |
|---|---|---|---|
| | বিরুদ্ধে লাইসেন্স বাতিলের সুপারিশ করা হবে মর্মে জানান। সার ও কীটনাশক মজুদ সন্তোষজনক। বিএডিসি সেচ স্কিম বিষয়ে বিএডিসি প্রতিনিধির সাথে সমন্বয় করে চালু করার ব্যবস্থা গ্রহন করতে বলা হয়েছে মর্মে জানান। | | |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ দয়ামীর ও উছমানপুর বুনিয়া-হাওনিয়া হাওর অধিকতর তদারকির আহবান জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ মৎস্য সম্পদ বৃদ্ধিতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট এর প্রতিনিধি সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চেয়ারম্যান, দয়ামীর ইউপি সভায় দয়ামীর ইউপিতে কৃত্রিম প্রজনন কেন্দ্রের কার্যক্রম নেই মর্মে সভাকে অবহিত করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় দয়ামীর ইউনিয়ন প্রজনন কেন্দ্রটি তত্ত্বাবধানের আহবান জানান। | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।<br>১.২) দয়ামীর ইউনিয়ন প্রজনন কেন্দ্রটি তত্ত্বাবধানের ব্যবস্থা করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান(সকল) |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা সমাজসেবা কার্যালয়, ওসমানীনগর সিলেট এ সুদমুক্ত ক্ষুদ্রঋণ জাগরণী সপ্তাহ উপলক্ষে বিনিয়োগ ব্যয়-২০,২৫,০০০/- টাকা, পুন. বিনিয়োগ ৭,০০,০০০/- টাকা এবং অনাদায়ী ঋন ৩,২৪,৭৫০/- টাকা আদায় হয় মর্মে জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় প্রতিবন্ধীদের জন্য হুইল চেয়ার বিতরণ আরও বৃদ্ধি করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহবান জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ সহজে সেবা প্রাপ্তি নিশ্চিত করতে হবে।<br>১.২) প্রতিবন্ধীদের জন্য হুইল চেয়ার বিতরণ আরও বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান(সকল) |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা / ইউপি চেয়ারম্যান (সকল) |
| | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা / ইউপি চেয়ারম্যান (সকল) |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা / ইউপি চেয়ারম্যান (সকল) |
| বন বিভাগ | বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ /সংশ্লিষ্ট সকল। |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, সিলেট পবিস-১, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ডিজিএম, সিলেট পবিস-১/সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ৩। নিয়মিত রাজস্ব ব্যয় | উপজেলা পরিষদের ডিসেম্বর/২১ বিভিন্ন সভা সমূহের আপ্যায়ন ব্যয় বাবদ =৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ =৫০০০/-(পাঁচ হাজার) টাকা সহ মোট -৩৫,০০০/= (পয়ত্রিশ হাজার) টাকার বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ১.১। উপজেলা পরিষদের ডিসেম্বর/২১ বিভিন্ন সভা সমূহের আপ্যায়ন ব্যয় বাবদ =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ =৫০০০/-(পাঁচ হাজার) টাকা সহ মোট =৩৫,০০০/- বিল সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| পরিষদের স্থায়ী কমিটির সভা সংক্রান্ত | ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট সভায় জানান দ্রুত ভিত্তিতে উপজেলা পরিষদের স্থায়ী কমিটি গুলির সভা আহবান করা প্রয়োজন। সংশ্লিষ্ট সবাইকে স্থায়ী কমিটির সভা আহবানের অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান স্থায়ী কমিটির সভা অবশ্যই নিশ্চিত করতে হবে। | ১.১। বিধি মোতাবেক বাধ্যতামূলকভাবে পরিষদের স্থায়ী কমিটি গুলির সভা করে সভার কার্যবিবরণী দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৪। বিবিধ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় সবাইকে বিজয়ের শুভেচ্ছা জানান। প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম সন্তোষজনক। এই কার্যক্রম আরও বৃদ্ধির আহবান জানান।<br>চেয়ারম্যান, দয়ামীর ইউপি সভায় ইভিএম মেশিন সম্পর্কে জনগনকে সচেতন করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের আহবান জানান। চক রুহিনী হাওরে স্থাপিত সুইচগেট রাখার বাস্তবতা নিরিক্ষণের আহবান জানান।<br>চেয়ারম্যান, সাদিপুর ইউপি সভায় ইভিএম এ ভোট প্রদান বিষয় ব্যাপক প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণের আহবান জানান। রহমতপুর উচ্চ বিদ্যালয়ের কমিটির বিষয়ে যথাযথ ভাবে তদন্তের আহবান জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান সরকারি নির্দেশনা মোতাবেক ইভিএম ভোট সফল ভাবে সম্পন্ন হবে। রহমতপুর উচ্চ বিদ্যালয় বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদন স্বাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। চক-রুহানী হাওরে সুইচবোট বিষয়ে কমিটির প্রতিবেদন স্বাপেক্ষে পরবর্তী প্রদক্ষেপ গ্রহন করা হবে মর্মে জানান।<br>চেয়ারম্যান, পশ্চিম পৈলনপুর ইউপি সভায় উপস্থিত সবাইকে বিজয়ের মাসে বিজয়ের শুভেচ্ছা জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা পদায়নের জন্য জেলা প্রশাসক সিলেট সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। জেলা প্রশাসক, সিলেট এর সার্বিক সাফল্য কামনা করেন। স্বাস্থ্য কমপ্লেক্স নির্মান না হওয়া পর্যন্ত তাজপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে অফিস কার্যক্রমসহ সার্বিক কার্যক্রম পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা হয়। সমাজসেবা বিভাগ থেকে হুইল চেয়ার বিতরণ আরও বৃদ্ধি করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহবান জানান। নব নির্মিত ভবনে দাপ্তরিক কার্যক্রম চালু করার জন্য অফিস রুমের ইন্টেরিয়র ওর্য়াক, প্রয়োজনীয় আসবাবপত্র, পরিষদের সীমানার ভিতরে রাস্তার পার্শ্বের দুইটি ঘর মেরামতপূর্বক অস্থায়ী ক্যান্টিন ও অস্থায়ী সংরক্ষনাগার এবং অধিগ্রহণকৃত ভবন ও ঘর মেরামতপূর্বক অস্থায়ী স্টাফ কোয়ার্টার হিসেবে ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১.১) চক রুহিনী হাওরে স্থাপিত সুইচগেট রাখার বিষয়ে তদন্তপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।<br>১.২) অত্র উপজেলায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা পদায়নের জন্য জেলা প্রশাসক সিলেট সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।<br>১.৩) রহমতপুর উচ্চ বিদ্যালয় বিষয়ে তদন্ত কমিটির প্রতিবেদন স্বাপেক্ষে বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।<br>১.৪) কোটেশনের মাধ্যমে উপজেলা পরিষদ হলরুম, উপজেলা পরিষদের জন্য প্রয়োজনীয় আসবাব ক্রয়, উপজেলা পরিষদের অস্থায়ী ক্যান্টিন ও অস্থায়ী স্টাফ কোয়ার্টারের মেরামত কাজ বাস্তবায়ন, চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয় উপজেলা পরিষদ ও উপজেলা পরিষদ হলরুম এবং উপজেলা নির্বাহী অফিসার এর রুমের ইন্টেরিয়র ওয়ার্ক বাস্তবায়নের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদান করা হয়।<br>১.৫) স্বাস্থ্য কমপ্লেক্স নির্মান না হওয়া পর্যন্ত তাজপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে উপজেলা স্বাস্থ্য বিভাগের সার্বিক কার্যক্রম পরিচালনা করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |

**সভাপতির সমাপনী বক্তব্য ঃ** সভাপতি ওসমানীনগর উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিশেষে তিনি মহামারী করোনা ভাইরাস থেকে সকলের মুক্তি কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ময়নুল হক চৌধুরী)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ওসমানীনগর, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৬০.০০৬.০১.০০১.১৭.৫০. ৪১৪/১

তারিখ ঃ ২৩ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১. মাননীয় সংসদ সদস্য, সিলেট-২।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩. কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
৪. পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
৫. জেলা প্রশাসক,সিলেট।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার,সিলেট।

নীলিমা রায়হানা
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
ওসমানীনগর উপজেলা পরিষদ, সিলেট।
☎০৮২৪২-৫৬০০৩

**উপস্থিত ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট"ক" (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)**

**উপস্থিত জনপ্রতিনিধি ঃ**

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০২. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৩. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৪. চেয়ারম্যান, সাদিপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৫. চেয়ারম্যান, দয়ামীর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।

**অনুপস্থিত জনপ্রতিনিধি ঃ**

০১. মোছাঃ ছানারা বেগম, মহিলা সদস্য, বুরুঙ্গা ইউপি, ওসমানীনগর, সিলেট।
০২. মোছাঃ রাসনা বেগম,মহিলা সদস্য ,ওসমানীনগর, সিলেট ।
০৩. মোছাঃ নেওয়া বেগম, মহিলা সদস্য, তাজপুর ইউপি, ওসমানীনগর, সিলেট।
০৪. চেয়ারম্যান, উমরপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৫. চেয়ারম্যান, পশ্চিম পৈলনপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর,সিলেট।
০৬ চেয়ারম্যান, বুরুঙ্গাবাজার ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর,সিলেট।
০৭. চেয়ারম্যান, গোয়ালাবাজার ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৮.চেয়ারম্যান, তাজপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৯. চেয়ারম্যান, উছমানপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।

**উপস্থিত কর্মকর্তা ঃ**

০১. উপজেলা নির্বাহী অফিসার, ওসমানীনরগর, সিলেট।
০২. উপজেলা প্রকৌশলী ,ওসমানীনগর,সিলেট।
০৩. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৪. উপজেলা সমাজসেবা কর্মকর্তা,ওসমানীনগর উপজেলা, সিলেট।
০৫. পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৬. উপজেলা শিক্ষা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৭. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,ওসমানীনগর,সিলেট।
০৮. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৯. উপজেলা মৎস্য কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
১০. উপজেলা কৃষি কর্মকর্তা,ওসমানীনগর,সিলেট।

**অনুপস্থিত কর্মকর্তা ঃ**

০১. উপজেলা সমবায় কর্মকর্তা,ওসমানীনগর,সিলেট।
০২. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৩. উপজেলা বন কর্মকর্তা, ওসমানীনগর,সিলেট।

| নাম ও ঠিকানা | | | ২৫/০৮/২১ | ২৯/০৯/২১ | ২২/১১/২১ | ২৫/১২/২১ | ২৩/০১/22 | ২৭/02/22 | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ উপকারভোগী, [illegible] উত্তরপাড়া, [illegible] | | | | | | | | | | |
| ০২ উপকারভোগী, [illegible] উত্তরপাড়া, [illegible] | | | | | [signature] | | [signature] | | | |
| ০৩ উপকারভোগী, [illegible] উত্তরপাড়া, [illegible] | | [illegible] | [signature] ২১/৯/২১ | | | | [signature] | [signature] ২৭/২/২২ | | |
| ০৪ উপকারভোগী, [illegible] উত্তরপাড়া, [illegible] | | [illegible] | [signature] ২৫/৮/২০২১ | [signature] | [signature] ২০২১ | [signature] | [signature] | [signature] | | |
| ০৫ উপকারভোগী [illegible] উত্তরপাড়া, [illegible] | [illegible] | [illegible] | [signature] | | [signature] | RAM | [signature] | | | |
| ০৬ উপকারভোগী [illegible] উত্তরপাড়া, [illegible] | [illegible] | | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] | | |
| ০৭ উপকারভোগী [illegible] উত্তরপাড়া, [illegible] | | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | |
| ০৮ উপকারভোগী [illegible] উত্তরপাড়া, [illegible] | [illegible] | [illegible] | [signature] | [signature] | | | [signature] ২০/০১/২২ | [signature] ২৭/০২/২২ | | |
| ০৯ উপকারভোগী [illegible] উত্তরপাড়া, [illegible] | | | [signature] ২৫/৮/২১ | [signature] ২৯.৯.২১ | [signature] | [signature] ২৫.১২.২১ | [signature] ২৩.০১.২২ | [signature] 27.02.22 | | |
| ১০ উপকারভোগী [illegible] উত্তরপাড়া, [illegible] | | | [signature] ২৫/৮/২১ | | [signature] | | | Sultan ২৭.২.২২ | | |
| ১১ উপকারভোগী [illegible] উত্তরপাড়া, [illegible] | | | [signature] ২৫/৮/২১ | [signature] ২৯/৯/২১ | [signature] ২২/১১/২১ | [signature] ২৫/১২/২১ | [signature] ২৩/১/২২ | [signature] ২৭/২/২২ | | |

| | নাম ও পদবী | | | ১৫/০৯/২২ | ১৯/১০/২২ | ১১/১১/২২ | ২৫/১২/২২ | ১৫/০১/22 | 29/02/22 | [illegible] | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ওসমানী নগর, সিলেট, | | | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] | | |
| ১৩ | উপজেলা [illegible] ওসমানী নগর, সিলেট, | | | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] | | |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ওসমানী নগর, সিলেট, | | | | | | | | | | |
| ১৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ওসমানী নগর, সিলেট, | | | [signature] | [signature] | [signature] | | [signature] | [signature] | | |
| ১৬ | উপজেলা সমবায় কর্মকর্তা ওসমানী নগর- সিলেট, | | | | | | | | | | |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা ওসমানী নগর- সিলেট, | | | | | | | | | | |
| ১৮ | উপজেলা নির্বাচন কর্মকর্তা ওসমানী নগর, সিলেট, | | | | [signature] | | | | [signature] | | |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক আমার বাড়ি আমার খামার প্রকল্প ওসমানী নগর, সিলেট | | | [signature] | [signature] | [signature] | | [signature] | | | |
| ২০ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা ওসমানী নগর, সিলেট, | | | [signature] | | [signature] | | [signature] | | | |
| ২১ | ডি.জি.এম [illegible] | | | [signature] | [signature] | [signature] | | [signature] | [signature] | | |
| 22 | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ওসমানী নগর, সিলেট | | | | | | | [signature] | [signature] | | |

| | নাম ও পদবী | ১১/১১/২১ | ২৩/১২/২১ | ১৩/০১/২২ | ১৭/০২/২২ | [illegible]/২২ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৩ | উপজেলা, [illegible] অফিসার, [illegible] | [signature] | | [signature] | | | | | | |
| ২৪ | উপজেলা, [illegible] অফিসার, [illegible] | | | | | | | | | |
| ২৫ | উপজেলা, [illegible] অফিসার, [illegible] | | | | [signature] | | | | | |

| ক্রমিক নং | নাম ও পদবী | | | ১৬/০৯/২১ | ১৯/১০/২১ | ১১/১১/২১ | ২৩/১২/২১ | ১৩/০১/২২ | ২৭/০২/২২ | [illegible] | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মমনুল হক মো: চেয়ারম্যান উপজেলা পরিষদ [illegible] | | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | |
| ০২ | জনাব, আয়াজ মিয়া ভাইস চেয়ারম্যান, মা: | | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | | |
| ০৩ | জনাব, মুহা. মনিরুল আজমাগীর মহিলা ভাইস চেয়ারম্যান | | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | |
| ০৪ | জনাব [illegible] চেয়ারম্যান, ০১ নং ইউপি | | | [signature] | [signature] | [signature] | | | [signature] | | |
| ০৫ | জনাব কবির উদ্দিন আহমদ চেয়ারম্যান, ০২ নং ইউপি | | | | [signature] | | [signature] | [signature] | [signature] | | |
| ০৬ | জনাব আব্দুল হামিদ (এমাজ) চেয়ারম্যান, ০৩ নং ইউপি | [signature] | [signature] | [signature] | | | | | | | |
| ০৭ | জনাব এস. কে. আব্দুল আলম চেয়ারম্যান, ০৪ নং ইউপি | | | [signature] | [signature] | | | [signature] | | | |
| ০৮ | জনাব আক্তারুজ্জামান (মানিক) চেয়ারম্যান, ০৫ নং ইউপি | [signature] | | [signature] | | [signature] | | [signature] | | | |
| ০৯ | জনাব ইমরান [illegible] চেয়ারম্যান, ০৬ নং ইউপি | | [signature] | [signature] | [signature] | [signature] | | | | | |
| ১০ | জনাব এম. টি. এম [illegible] চেয়ারম্যান, ০৭ নং ইউপি | | | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | | |
| ১১ | জনাব মমতাজুল [illegible] চেয়ারম্যান ০৮ নং ইউপি | | | | [signature] | [signature] | | | | | |